

ব্যানবেইসের সমীক্ষা

## মাধ্যমিকের তুলনায় কলেজ পর্যায়ে ঝরে পড়ছে দ্বিগুণ

যুগান্তর রিপোর্ট

মাধ্যমিক পর্যায়ের তুলনায় উচ্চ মাধ্যমিক পর্যায়েরে দ্বিগুণ শিক্ষার্থী ঝরে পড়ছে। মাধ্যমিক পর্যায়েরে এখনও প্রায় ৩৮ শতাংশ ছাত্রছাত্রী ঝরে পড়ছে। এদের মধ্যে ছাত্রী বেশি। তবে মাধ্যমিক তরের চেয়ে কলেজ পর্যায়ে ঝরে পড়ার হার কম। এই তরে প্রায় ২০ শতাংশ শিক্ষার্থী ঝরে পড়ছে। বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) সর্বশেষ সমীক্ষায় এই চিত্র উঠে এসেছে। মঙ্গলবার সন্ধ্যাটির কার্যালয়ে আয়োজিত এক কর্মশালায় সমীক্ষা প্রতিবেদনের সার-সংক্ষেপ তুলে ধরা হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্থাটির পরিচালক মোহাম্মদ ফসিউল্লাহ। কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. আলমগীর এতে বক্তৃতা করেন।